যু গান্তর

MAY 25 2002
তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

# ছাত্রদলের দু'গ্রুপ মুখোমুখি জাবিতে উত্তেজনা

াবি প্রতিনিধি

াহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের বিদমান দু'গ্রুপের প্রকাশ্যে দ্বন্দ্বের কারণে ্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করছে। হস্পতিবার গভীর রাতে ছাত্রদলের ম্পাদক ফরিদ মিয়া আরমান গ্রুপের খলকৃত শহীদ সালাম বরকত ও আ. ফ. ম ামাল উদ্দিন হল এলাকায় বেশ কয়েক উন্ড গুলিবর্ষণের পর হঠাৎ করেই শ্ববিদ্যালয়ে ছাত্র হলগুলোতে উত্তেজনা খো দেয়। হল দখল ও পুনর্দখলের াশংকায় ছাত্রদলের কর্মীরা অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে স্ব স্ব হলে অবস্থান নেয়। এ সময় সম্পাদক গ্রুপ নিয়ন্ত্রিত হলগুলোতে সন্ত্রাসবিরোধী মিছিল বের হয়।

এদিকে হলগুলোতে অবৈধ অস্ত্রের মজুদ আশংকাজনকভাবে বৃদ্ধি পাওয়ায় সাধারণ ছাত্ররা উদ্বিগ্ন হয়ে পড়েছে। হল নিয়ন্ত্রণে রাখার জন্য সন্ধ্যা থেকে সারারাত হল গেটে বসানো হয় সশস্ত্র পাহারা। ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলের কারণে সাধারণ ছাত্ররা হয়রানির শিকার হচ্ছে। সবচেয়ে বেশি হয়রানির শিকার হচ্ছে প্রথমবর্ষের ছাত্ররা। এদের দিয়ে রাতে হল পাহারা ও মিছিল করানো হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। হলগুলো থেকে অবৈধ অস্ত্র উদ্ধার ও বহিরাগত মুক্ত করা না হলে যে কোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষ ঘটতে পা